নির্বাচন কমিটির কার্যালয়
বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
বেনীদুয়ার, ধামইরহাট, নওগাঁ।

এতদ্বারা "বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ", ধামইরহাট, নওগাঁ এর সদস্যগনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৮(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী "বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ", ধামইরহাট, নওগাঁ এর ব্যবস্থাপনা কমিটির বিগত ১০/৮/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার সীদ্ধান্ত মোতাবেক আগামী ১৬/১০/২০২৫ ইং তারিখ, রোজ বৃহস্পতিবার "বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ", ধামইরহাট, নওগাঁ এর কার্যালয়, বেনীদুয়ার, ধামইরহাট, নওগাঁতে অনুষ্ঠিতব্য সমিতির বিশেষ সাধারন সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য আগামী ১৬/১০/২০২৫ ইং তারিখ, রোজ বৃহস্পতিবার সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অত্র সমিতির কার্যালয়ে বিরতীহিনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচনে ১ জন চেয়ারম্যান, ১ জন ভাইস চেয়ারম্যান, ১ জন সেক্রেটারী, ১ জন ট্রেজারার ও ৮ জন ডিরেক্টরসহ সর্বমোট ১২ (বারো) জন সদস্য সমিতির ভোটারগনের ভোটে নির্বাচিত হইবেন। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিটির ৯/৯/২০২৫ ইং তারিখ এর সভার সীদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা /২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী তফশীল নিম্নরূপভাবে ঘোষনা করা হলো।

নির্বাচনী তপসিল,২০২৫ খ্রিঃ

| ক্রঃ নং | বিষয়ের বিবরন | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মনোনয়নপত্র প্রাপ্তী | সমিতির অফিস/ উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ১৪/৯/২৫ ইং- ১৬/৯/২৫ ইং | সকাল ১০.০০ টা–দুপুর ১২.০০ টা। |
| ০২ | মনোনয়নপত্র দাখিল | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ১৮/৯/২৫ ইং | ঐ |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই এবং প্রর্থীর প্রাথমিক খস্‌ড়া তালিকা প্রকাশ | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ২২/৯/২৫ ইং | সকাল ১০.০০ টা – দুপুর ২.০০ টা। |
| ০৪ | আপীল আবেদন | জেলা সমবায় অফিস, নওগাঁ | ২৩/৯/২৫ ইং ২৪/৯/২৫ ইং | অফিস চলাকালীন সময়ে। |
| ০৫ | আপীল শুনানী | জেলা সমবায় অফিস, নওগাঁ | ২৫/৯/২৫ ইং ২৮/৯/২৫ ইং ২৯/৯/২৫ইং | অফিস চলাকালীন সময়ে। |
| ০৬ | চূড়ান্ত বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ৩০/৯/২৫ ইং | সকাল ১০.০০ টা– দুপুর ২.০০ টা। |
| ০৭ | প্রর্থীতা প্রত্যাহার | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ৬/১০/২৫ ইং | ঐ |
| ০৮ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ৭/১০/২৫ ইং | ঐ |
| ০৯ | প্রতীক বরাদ্দ | উপজেলা সমবায় অফিস, ধামইরহাট, নওগাঁ | ৭/১০/২৫ ইং | সকাল ২.০০ টা– দুপুর ৪.০০ টা। |
| ১০ | ভোট গ্রহণ | সমিতির অফিস | ১৬/১০/২৫ ইং | সকাল ১০.০০ টা–বিকাল ৪.০০ টা। |
| ১১ | ভোট গণনা | ঐ | ১৬/১০/২৫ ইং | ভোট গ্রহণ শেষে। |
| ১২ | ভোট গননার ফলাফল ঘোষনা | ঐ | ১৬/১০/২৫ ইং | ভোট গণনা শেষে। |

২. নির্বাচনের জন্য জ্ঞাতব্য বিষয়:

ক) ১ জন চেয়ারম্যান, ১ জন ভাইস চেয়ারম্যান, ১ জন সেক্রেটারী, ১ জন ট্রেজারার ও ৮ জন ডিরেক্টর সদস্যগনের সরাসরি ভোটের মাধ্যমে নির্বাচিত হবেন;

খ) প্রত্যেক প্রার্থীকে সমবায় সমিতি আইন ২০০১ এর ১৯ ধারা, সমবায় সমিতি বিধিমালা ২০০৪ এর ২৪ বিধি ও সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হইতে হইবে।

গ) তপসিল বর্ণিত তারিখ, সময় ও স্থানে ব্যবস্থাপনা কমিটির সীদ্ধান্ত মোতাবেক নির্ধারিত পরিমাণ টাকা সমিতিতে জমা প্রদান করত: জমা রসিদ সংগ্রহপূর্বক মনোনয়নপত্র গ্রহণ করতে হবে; এ সময় ১০০/- (একশত) টাকা মূল্যের ভোটার তালিকা সংগ্রহ করা যাবে;

ঘ) যথাযথভাবে পূরনকৃত, সত্যয়নকৃত ও প্রতিস্বাক্ষরিত মনোনয়নপত্রের সঙ্গে প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিক সনদপত্র এবং সংশ্লিষ্ট সমিতির চেয়ারম্যান কর্তৃক তার সমিতিতে প্রার্থী ঋণ খেলাপী নন মর্মে দেয় প্রত্যয়নপত্র সংযোজন করিতে হইবে ;

ঙ) অসম্পূর্ণ, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইড ব্যবহার করা, ভুল কিংবা মিথ্যা তথ্য সংবলিত এবং সমবায় সমিতি আইন, বিধিমালা ও সমিতির উপ-আইন মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হইবে;

চ) প্রার্থীর বয়স তাঁর মনোনয়নপত্র দাখিলের তারিখে কমপক্ষে ২১ (একুশ) বৎসর এবং সমিতিতে ভর্তি কমপক্ষে ১ (এক) বৎসর পূর্ণ হইতে হইবে ;

ছ) কোন প্রার্থী ফৌজদারী অপরাধের কারনে দোষী সাব্যস্থ হইয়া দুই বৎসর বা ততোধিক মেয়াদের জন্য কারাদন্ডে দন্ডিত হইয়া থাকেন এবং কারাভোগের পর কমপক্ষে ৫ বৎসর অতিবাহিত না হইলে প্রার্থী হইতে পারিবে না;

জ) প্রার্থী মনোনয়নপত্র দাখিলের তারিখে সমিতির বা অন্য কোন ঋণদানকারী প্রতিষ্ঠানে ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত হইয়া থাকিলে প্রার্থী হইতে পারিবে না;

ঝ) অত্র নির্বাচনের অব্যবহিত পূর্বে অত্র সমবায় সমিতিতে একাধারে ৩ (তিন) মেয়াদে দায়িত্ব পালন করিয়া থাকিলে প্রার্থী হইতে পারিবে না;

ঞ) কোন আদালত কর্তৃক দেউলিয়া, উন্মাদ কিংবা পাগল বলিয়া সাব্যস্থ্য হইয়া থাকিলে প্রার্থী হইতে পারিবে না;

ট) সমিতির কোন বেতনভূক কর্মচারী কিংবা সমিতির সহিত কোন লাভজনক ব্যবসায়ী চুক্তিতে আবদ্ধ থাকিলে প্রার্থী হইতে পারিবে না;

ঠ) কোন প্রার্থী কোন ক্রমেই একাধিক পদে প্রতিদ্বন্দ্বীতা করিতে পারিবে না; একাধিক পদে মনোনয়নপত্র জমা দানকারীর সকল মনোনয়নপত্র বাতিল বলে গন্য হইবে;

ড) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত ব্যতিত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবে না;

ঢ) নির্বাচন সংক্রান্ত যেকোন বিষয় কাহারো কোন জিজ্ঞাসা থাকলে নির্বাচন কমিটির সভাপতির নিকট অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাইবে।

ণ) নির্বাচন সম্পর্কে যেকোন বিষয়ে নির্বাচন কমিটির সীদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হইবে।

৩। পদভিত্তিক প্রতিটি মনোনয়নপত্রের মূল্য এবং নির্ধারিত নির্বাচনী প্রতীকসমূহ:

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | নির্ধারিত প্রতীকসমূহ | ব্যবস্থাপনা কমিটির সীদ্ধান্ত মোতাবেক প্রতিটি মনোনয়নপত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | চেয়ারম্যান | ১ জন | চেয়ার, ছাতা ও গরুর গাড়ী | ১২০০/- (এক হাজার দুইশত) টাকা |
| ০২ | ভাইস চেয়ারম্যান | ১ জন | মই, বই ও ফুটবল | ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৩ | সেক্রেটারী | ১ জন | হেলিকপ্টার, বাইসাইকেল ও মোটর সাইকেল | ১০০০/- (এক হাজার) টাকা |
| ০৪ | ট্রেজারার | ১ জন | তালাচাবি ও কম্পিউটার | ৬০০/- (ছয়শত) টাকা |
| ০৫ | ডিরেক্টর | ৮ জন | গোলাপ ফুল, হরিন, কলম, আনারস, মোরগ, হাঁস, পালকি, টেলিভিশন, ঘোড়া, দেওয়াল ঘড়ি, পানির বোতল, কবুতর, আম ও কলস | ৪০০/- (চারশত) টাকা |

সদস্য
নির্বাচন কমিটি

০৯/০৯/২০২৫
সদস্য
নির্বাচন কমিটি

০৯/০৯/২০২৫
সভাপতি
নির্বাচন কমিটি
তারিখ: ০৯/৯/২৫ ইং।

স্মারক নং- ০১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। ............................................................., সদস্য, নির্বাচন কমিটি, বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ধামইরহাট, নওগাঁ। তাঁকে নির্বাচনের তপসিল বর্ণিত তারিখে প্রতি সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। অনিবার্য কারন ছাড়া এ বিষয়ে কোন পৃথক নোটিশ জারী করা হবে না।

২। চেয়ারম্যান/সেক্রেটারী, বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ধামইরহাট, নওগাঁ তাঁকে সমিতির সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলকে অত্র নির্বাচনী তফশীলটি জরুরী ভিত্তিতে জারী করতে ও বহুল প্রচারের জন্য স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশসহ সমিতির নোটিশ বোর্ড এবং গুরুত্বপূর্ণ স্থানে ঝুলানোর জন্য অনুরোধ জানানো হলো।

৩। উপজেলা সমবায় অফিসার, ধামইরহাট, নওগাঁ।

৪। জেলা সমবায় অফিসার, নওগাঁ।

৫। নোটিশ বোর্ড।

০৯/০৯/২০২৫

সভাপতি
নির্বাচন কমিটি,২০২৫
বেনীদুয়ার আদিবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
ধামইরহাট, নওগাঁ।